

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়  
(ত্রাণ শাখা)  
চুয়াডাঙ্গা  
[www.chuadanga.gov.bd](http://www.chuadanga.gov.bd)

স্মারক নং-৫১.০১.১৮০০.০০০.৪১.০২৩.১৭.৯৬

তারিখঃ ২১/৩/২০১৮খ্রিঃ

বিষয়ঃ হেরিং বোন বন্ড (এইচবিবি) প্রকল্প পরিদর্শন প্রতিবেদন দাখিল প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০১৭-২০১৮ অর্থ বছরে অত্র জেলার চারটি উপজেলায় ০৬টি প্যাকেজের আওতায় মোট ১১কিলোমিটার রাস্তার কাজ চলমান। প্রাক্কলিত অর্থের পরিমাণ ৪,১৭,৯৪,৮০০/-। আমি নিম্ন স্বাক্ষরকারী জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা(ভাঃ) অদ্য ২১/৩/২০১৮খ্রিঃ চুয়াডাঙ্গা জেলার সদর উপজেলাধীন ৪নং শংকরচন্দ্র ইউনিয়নের বহালগাছী পিচ রাস্তা হতে যাদবপুর কানাপুকুর পর্যন্ত চলমান রাস্তার কাজ পরিদর্শন করি। পরিদর্শনকালে উপ-সহকারী প্রকৌশলী(প্রকল্প), কার্য-সহকারী(প্রকল্প), সংশ্লিষ্ট ঠিকাদার ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। পরিদর্শনকালে রাস্তার উপরিভাগে বালির পরিমাণ কম পরিলক্ষিত হয়। সংশ্লিষ্ট ঠিকাদারকে সঠিক পরিমাণে বালি প্রদানের নির্দেশ দেওয়া হয়। এছাড়া রাস্তার দুই পাশের সোল্ডারের কাজ দ্রুত শেষ করার জন্য বলা হয়।

জেলা প্রশাসক  
চুয়াডাঙ্গা।

স্বাক্ষরিত/  
(মোঃ ফখরুল ইসলাম)  
সহকারী কমিশনার  
ও  
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (ভাঃ)  
চুয়াডাঙ্গা।